

বাড়ছেই আগুনের তীব্রতা, টেনে সরিয়ে নেয়া হচ্ছে উড়োজাহাজ

- A Monitor Desk Report

Date: 18 October, 2025



ঢাকাঃ শাহজালাল বিমানবন্দরে কার্গো ভিলেজের একটি অংশে ভয়াবহ আগুনের ঘটনায় সম্ভাব্য ক্ষতি এড়াতে হ্যাঞ্জারে থাকা উড়োজাহাজগুলো টেনে আগুনের কাছ থেকে দূরে সরিয়ে নিচ্ছে কর্তৃপক্ষ।

এদিকে, আগুনের তীব্রতা বাড়ছেই। কালো ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে গেছে পুরো আকাশ।

ফায়ার সার্ভিস জানিয়েছে, আগুন নিয়ন্ত্রণে তাদের ৩১টি ইউনিট কাজ করছে নৌ ও বিমানবাহিনী।

প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি।

জানা গেছে, আগুন নিয়ন্ত্রণে কাজ করার সময় ফায়ার সার্ভিসের সদস্যসহ বেশ কয়েকজন আহত হয়েছেন। আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে।

-B